# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 11.11.2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচারপর্ব আজ শেষ হয়েছে। ভোট নেওয়া হবে বুধবার ১৩ ই নভেম্বর।

রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হচ্ছে আগামীকাল। তার আগে আজ মুখ্য নির্বাচনী আধিকারিক এক সর্বদলীয় বৈঠক করেন।

২) তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাব কেনার টাকা নিয়ে বেনিয়মের ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের গাফিলতি স্পষ্ট হয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৩) আবাস যোজনা প্রকল্পে কোনোরকম বিতর্ক এড়াতে রাজ্য সরকার আরও একবার নির্দেশ জারি করেছে।

৪) পশ্চিমবঙ্গ সহ তিন রাজ্যের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর নেতৃত্বে এক উচ্চ পর্যায়ের কমিটি ৭২৬ কোটি টাকার প্রকল্প অনুমোদন করেছে।

৫) আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় বিচার প্রক্রিয়া আজ শুরু হয়েছে।

৬) ঐতিহ্যবাহী জগদ্ধাত্রী পুজোর আজ দশমী। চন্দননগর ও কৃষ্ণনগরে চলেছে প্রতিমা নিরঞ্জনের পালা।

---

রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হচ্ছে আগামীকাল। চলবে ১২ ই ডিসেম্বর পর্যন্ত। এই এক মাস শনিবার ও রবিবার বিশেষ প্রচার চালানো হবে। এই তালিকা সংশোধনের আগে মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব আজ স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের নিয়ে  এক সর্বদলীয় বৈঠক করেন। রাজ্য নির্বাচন আধিকারিকের দপ্তরে ঐ বৈঠকে সব রাজনৈতিক দলের প্রতিনিধিরাই অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণের লক্ষ্যে নির্ভুল ভোটার তালিকা তৈরির ওপর গুরুত্ব দেন।

তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি জয়প্রকাশ মজুমদার বৈঠকের পর সাংবাদিকদের বলেন,

বাইট জয়প্রকাশ

এদিকে বিজেপি ভুয়ো ভোটার তালিকা নিয়ে বৈঠকে সন্দেহ প্রকাশ করে। দলের নেতা জগন্নাথ চট্টোপাধ্যায় পরে সাংবাদিকদের বলেন,

বাইট জগন্নাথ

সিপিআইএমও বিশেষ ভোটার তালিকা সংশোধনের কাজ যাতে সঠিকভাবে হয়, সে ব্যাপারে গুরুত্ব দিয়েছে। দলের কলকাতা জেলা সম্পাদক কল্লোল মজুমদার পরে সাংবাদিকদের বলেছেন,

বাইট কল্লোল

উল্লেখ্য, নির্বাচন কমিশন সংশোধিত তালিকা থেকে মৃত ভোটারদের নাম সম্পূর্ণ বাদ দেওয়া এবং একই ভোটারের নাম যাতে একাধিক জায়গার তালিকায় না থাকে,

সেব্যাপারে সতর্ক করে দিয়েছে। ২০২৫-এর পয়লা জানুয়ারি যাদের বয়স ১৮ হবে, তারাও এবার ভোটার তালিকায় নাম তুলতে পারবে বলে কমিশন সূত্রে জানা গেছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী বছর ৫ই জানুয়ারি।

----------------------

জাতীয় প্রতীকের অবমাননা প্রসঙ্গে তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদারকে কারণ দর্শানোর নোটিশ পাঠিয়েছে। আজ রাত আটটার মধ্যেই তাঁকে ওই শো কজের জবাব দিতে নির্দেশ দেওয়া হয়েছে। উল্লেখ্য সম্প্রতি নির্বাচনী প্রচারে গিয়ে রাজ্য বিজেপির সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার পুলিসের উর্দিতে থাকা অশোক স্তম্ভ নিয়ে মন্তব্য করেন। ওই মন্তব্যে অশোক স্তম্ভে অবমাননা হয়েছে বলে অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। তারই পরিপ্রেক্ষিতে এই শোকজ।

----------------------

হেট স্পিচ বা ঘৃণামূলক মন্তব্যের অভিযোগে তৃণমূল কংগ্রেস রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সেন্সরের দাবি জানিয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দল সকালে এই মর্মে আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে গিয়ে স্মারকলিপিও জমা দেয়।

----------------------

তরুনের স্বপ্ন প্রকল্পে ছাত্র ছাত্রীদের ট্যাব কেনার টাকা নিয়ে বেনিয়মের ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের গাফিলতি স্পষ্ট হয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে। এই নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ আজ নবান্নে ডিজিপি, বিদ্যালয় শিক্ষা সচিব সহ অন্যান্য

আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু না জানানো হলেও এই ঘটনায় অভিযুক্ত প্রধান শিক্ষকদের বিরুদ্ধে প্রশাসনিক পদক্ষেপ নিতে হবে বলে তিনি বিদ্যালয় শিক্ষা সচিবকে নির্দেশ দিয়েছেন বলে জানা গিয়েছে। এছাড়াও অন্য অভিযুক্তদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নেওয়ার কথাও বলেছেন তিনি। আগামী দিনে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে আরও উন্নত ব্যাবস্থা গ্রহণের কথাও বলা হয়েছে।

এদিকে এই প্রকল্পে রাজ্যে বিভিন্ন সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের তিনশো র বেশি পড়ুয়া ট্যাব কেনার টাকা পায়নি বলে বিভিন্ন জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছ থেকে বিদ্যালয় শিক্ষা দপ্তরে রিপোর্ট জমা পড়েছে। এই সংখ্যা ক্রমশ বৃদ্ধি পেতে থাকায় উদ্বিগ্ন শিক্ষা দপ্তর পুনরায় প্রতিটি জেলাকে নতুন করে নাম যাচাই করার নির্দেশ দিয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই ঘটনায় সংশ্লিষ্ট বিদ্যালয় বা দায়িত্বপ্রাপ্ত এজেন্সির কি ভূমিকা রয়েছে এবং তদন্তের অগ্রগতি নিয়ে মুখ্যসচিব রিপোর্ট পাঠানোর নির্দেশ দিয়েছেন। ট্যাবের টাকা গায়েব হয়ে যাওয়ার ঘটনায় বৈঠকে তিনি উদ্বেগ প্রকাশ করেন বলে জানা গিয়েছে।

---

আবাস যোজনা প্রকল্পে কোনরকম বিতর্ক এড়াতে তালিকা যাচাই প্রক্রিয়া সুষ্ঠুভাবে শেষ করতে রাজ্য সরকার আরও একবার নির্দেশিকা জারি করেছে। পঞ্চায়েত দপ্তর থেকে সব জেলা সমীক্ষকদের কাছে পাঠানো এগারো দফা নির্দেশিকায় অভিযোগ নিষ্পত্তি সেল থেকে আসা নামগুলিকে পুনরায় যাচাই করার কথা বলা হয়েছে যে সব নাম বাতিল করা হয়েছে সেগুলি পুনরায় সরেজমিনে পরীক্ষারও নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। বিপর্যয় দূর্যোগ মোকাবিলা দপ্তরের নির্দেশিকা

মেনে প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের বাড়ির তালিকা তৈরি করার কথা বলা হয়েছে। কোন রাজনৈতিক দল বা সাধারন মানুষের সঙ্গে কোনরকম ভুল বোঝাবুঝি যেন না হয় সেইজন্যে নির্দেশিকায় এলাকায় মাইকিং প্রচার করতে হবে বলে জানানো হয়েছে।

-----------------------

পূর্ব বর্ধমানের কাটোয়ার জগদানন্দপুরে পাকা বাড়ি থাকা সত্ত্বেও আবাস যোজনার তালিকায় পঞ্চায়েত প্রধানের নাম থাকা নিয়ে চাঞ্চল্য ছড়িয়েছে।

যদিও পঞ্চায়েত প্রধান হারু দাসের দাবি, নামের তালিকা যেহেতু অনেক আগে হয়েছে, তাই হয়তো তাঁর নাম থেকে গিয়েছে। নাম বাদ দেওয়ার জন্য আবেদন জানাবেন তিনি।

-----------------------

রাজ্যে আবাস যোজনা নিয়ে বিরোধীদের দুর্নীতির অভিযোগ খারিজ করেছে তৃণমূল কংগ্রেস। দলের নেতা কুনাল ঘোষ আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, রাজ্যে আবাস যোজনা খাতে কেন্দ্র টাকা দেয়নি অথচ অন্য রাজ্যকে দেওয়া হয়েছে। ১০০ দিনের কাজের টাকা রাজ্যকে কেন্দ্র দেয়নি। বাংলাকে এভাবে বঞ্চনা করা হচ্ছে। কুনাল বাবু আরো বলেন, মমতা ব্যানার্জির উদ্যোগে ১০০ শতাংশ রাজ্যের টাকায় রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পের কাজ শুরু করেছে। তৈরি করা হচ্ছে বাড়ি। রাজ্য সরকারের উদ্যোগ আবাস তৈরি বিরোধীদের সহ্য হচ্ছে না। বিরোধীরা এর মধ্যে নানাভাবে বিভেদ বৈষম্য ইত্যাদি দেখানোর চেষ্টা করছে যা আদৌ তা নয় বলে মন্তব্য করেন কুনাল বাবু। স্থানীয় স্তরে কিছু ত্রুটি-বিচ্যুতি থাকলে তা সংশোধন করা হবে বলে কুনাল বাবু মন্তব্য করেন।

-----------------------

পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং ছত্তিশগড়ের জন্য স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের কমিটি প্রায় ৭শো২৬ কোটি টাকার তিনটি প্রকল্প অনুমোদন করেছে। রাজ্যগুলিতে অগ্নি নির্বাপন পরিষেবা আরো আধুনিকীকরণ এবং সম্প্রসারণের লক্ষ্যেই এই প্রকল্প। স্বরাষ্ট্রমন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, এর মধ্যে সর্বাধিক পশ্চিমবঙ্গের জন্য প্রায় ৩শো৭৭ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এছাড়াও ছত্তিশগড়ের জন্য ১শো৪৮ কোটি এবং ওড়িশার জন্য ২শো১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই উদ্যোগের জন্য সরকার, জাতীয় বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে বরাদ্দ হয়েছে মোট ৫ হাজার কোটি টাকা। ১৫ টি রাজ্যের জন্য ২ হাজার ৫শো৪২ কোটি টাকার বেশী অর্থমূলের প্রস্তাব ইতিমধ্যেই অনুমোদন করা হয়েছে বলে মন্ত্রক জানিয়েছে। দেশের বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপনা আরো উন্নত করতে স্বরাষ্ট্রমন্ত্রক একাধিক উদ্যোগ নিয়েছে বলেও জানানো হয়েছে।

-----------------------

দেশে আলকায়দা জঙ্গীগোষ্ঠীর কার্যকলাপের বিরুদ্ধে জাতীয় তদন্তকারী সংস্থা আজ পশ্চিমবঙ্গ সহ একাধিক রাজ্যে তল্লাশী চালিয়েছে। এ রাজ্য ছাড়াও অভিযান চলে জম্মু কাশ্মীর, কর্নাটক, বিহার, ত্রিপুরা এবং অসমে। কিছু বাংলাদেশী এদেশে অস্থিরতা সৃষ্টি করতে আলকায়দা জঙ্গীগোষ্ঠীর কাজকর্মে উৎসাহ দিচ্ছে বলে খবর মেলার পরই এই অভিযান।

আলকায়দা গোষ্ঠীকে মদত এবং অর্থসহায়তারও অভিযোগ উঠেছে সন্দেহভাজন কয়েকজনের বিরুদ্ধে। আজকের অভিযানে উদ্ধার হয়েছে বেশ কিছু অবৈধ কাগজপত্র।

মূলত টাকা পয়সা লেনদেনের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য আধিকারিকদের হাতে এসেছে। মিলেছে মোবাইল ফোন সহ অন্যান্য ডিজিটাল যন্ত্রপাতি। বাংলাদেশ ভিত্তিক আলকায়দা নেটওয়ার্কের সঙ্গে এরা যুক্ত বলে তদন্তে জানা গেছে।

----------------------

দেশের জন্য বীর সেনা জওয়ানদের আত্মত্যাগের কাহিনী ছাত্র ও যুব সমাজের কাছে তুলে ধরতে ভারতীয় সেনার উদ্যোগে আজ কলকাতায় 'বীরগাথা ফোর পয়েন্ট জিরো' অনুষ্ঠিত হয়।  বেঙ্গল সাব এরিয়ার প্রধান কার্যালয় এবং প্রতিরক্ষা মন্ত্রক ও শিক্ষা মন্ত্রকের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সেনার তিন বাহিনীর আধিকারিক ও জওয়ানরা ছাত্র ছাত্রীদের কাছে তাদের জীবনের বিভিন্ন অভিজ্ঞতা এবং বীরত্বের নানা কাহিনী নিয়ে আলোচনা করেন।বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২ হাজার ছাত্রছাত্রী অনুষ্ঠানে অংশগ্রহণ করে। বেঙ্গল সাব এরিয়ার প্রধান কার্যালয়ের জিওসি রাজেশ মোগে সাংবাদিকদের জানান, এর আগে ফোর্ট উইলিয়াম অডিটরিয়ামে ৪৫০ জন ছাত্রছাত্রীকে নিয়ে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেখানে বিশিষ্ট সেনা মেডেল প্রাপ্ত আধিকারিকরা ছাত্র ছাত্রীদের সঙ্গে বার্তা বিনিময় করেন । পরে অন্যান্য স্কুল থেকে অনুরোধ আশায় এবার ধনধান্য অডিটরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাইট

কাউন্টার ইন সার্জেন্সি বিশেষজ্ঞ কর্নেল মহেশ কুমার,গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড জয়ী প্রথম মহিলা সেনা আধিকারিক মিতালী মধুমিতা, ভারতীয় সেনার প্রথম মহিলা স্কাইডাইভার অনিলা খাত্রি   প্রমূখ তাদের অভিজ্ঞতা তুলে ধরেন।

----------------------

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় বিচার প্রক্রিয়া আজ শুরু হয়েছে। শিয়ালদহ আদালতে রুদ্ধদ্বার কক্ষে বেলা ২ টো ১৫ মিনিট নাগাদ শুরু হয় এই প্রক্রিয়া। এবার থেকে রোজই এই মামলার শুনানি হবে। প্রথম দুই সাক্ষী হিসাবে আজ আদালতে নির্যাতিতার বাবা মায়ের বয়ান রেকর্ড করা হয়। এই মামলায় মোট ১২৮ জন সাক্ষী রয়েছেন। এদের মধ্যে রয়েছেন জুনিয়র চিকিৎসক, কলকাতা পুলিশ, ফরেন্সিক বিভাগের আধিকারিকেরাও।

সিবিআই সূত্রে জানা গেছে, বেলা ১২ টা নাগাদ তদন্তকারী সংস্থার এক আধিকারিক নির্যাতিতার বাড়িতে যান। তাদের পাঠানো গাড়িতে করেই ঐ চিকিৎসকের বাবা মাকে সিবিআই দপ্তর হয়ে আদালতে নিয়ে আসা হয়।

মূল অভিযুক্ত সঞ্জয় রাইকেও আদালতে পেশ করা হয়। শুনানি শেষে প্রিজন ভ্যানে তাকে জেলে নিয়ে যাওয়ার সময় সঞ্জয় আবারও নিজেকে নির্দোষ বলে দাবি করেন। তার এই পরিণতির জন্য পুলিশ প্রশাসন সহ কয়েকজনের নাম করে সরব হন ঐ সিভিক ভলান্টিয়ার।

উল্লেখ্য, এই খুন ও ধর্ষণের মামলায় একমাত্র অভিযুক্ত হিসাবে সঞ্জয় রায়ের নামেই চার্জশিট পেশ করেছে সিবিআই।

----------------------

ঐতিহ্যবাহী জগদ্ধাত্রী পুজোর আজ দশমী। মা কে বিদায় জানানোর পালা। হুগলীর চন্দননগরে শুরু হয়েছে নিরঞ্জনের শোভাযাত্রা। মোট ৭৯টি পুজো এই শোভাযাত্রায় যোগ দিচ্ছে। সাতটি ঘাটে বন্দোবস্ত করা হয়েছে প্রতিমা বিসর্জনের।

প্রথা অনুযায়ী প্রতি বছর চন্দননগর শহরে নির্দিষ্ট একটি রাস্তা দিয়েই ভাসানের শোভাযাত্রা যাচ্ছে। তা দেখার জন্য রাস্তার দুধারে উপচে পড়া ভিড়। প্রশাসনের নির্দেশ অনুযায়ী ভাসানের সময় ডিজে বা সাউন্ডবক্স বাজানো এবং আতশবাজি ফাটানোর ওপর নিষেধাজ্ঞা জারি রয়েছে।

নদীয়ার কৃষ্ণনগরে আজ সকালে জগদ্ধাত্রী পুজোর ঘট বিসর্জন করা হয়। এখন চলেছে পারিবারিক ও বারোয়ারিগুলির প্রতিমা নিরঞ্জন। ক্লাব বারোয়ারির ১৩টি প্রতিমা ট্রাকে করে ও ২৪টি প্রতিমা বাঁশের মাচা বা সাঙ-এ করে নিয়ে যাওয়া হচ্ছে। সবকটি প্রতিমাই কৃষ্ণনগর রাজবাড়ি ঘুরে যাচ্ছে জলঙ্গীর ঘাটে। সবশেষে ভাসান হবে চাষাপাড়ার বুড়িমার।

দ্বিতীয় দফায় আগামীকালও হবে প্রতিমা নিরঞ্জন। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

----------------------- -----------------------